

১০৫৫  
২৫



বাংলাদেশের ছাত্র এবং পেশাজীবীরা উপকৃত হবে বলে আমি মনে করি। বাংলাদেশের তরুণদের আধুনিক শিক্ষার মাধ্যমে নলেজবেস সোসাইটি তৈরি করতে হবে। জাতির উন্নতিতে ছাত্র-শিক্ষক সবাইকে একসাথে কাজ করে যেতে হবে। বর্তমানে সারা বিশ্বে বিজ্ঞান ও প্রযুক্তি শিক্ষার অভাবিত উন্নতি সাধন হয়েছে। দেশের এবং বিশ্বের মধ্যে ডিজিটাল ডিভাইড দূরীকরণে একযোগে কাজ করে যেতে হবে। উন্নয়নশীল দেশ হিসেবে বাংলাদেশকে উন্নত মানের সম্পদ তৈরিতে প্রযুক্তি জ্ঞানে শিক্ষিত হতে হবে। এক্ষেত্রে ইউ২১ দেশের তরুণ সমাজকে বিশ্বের সমকক্ষ বিশ্বমানের শিক্ষা দেবে বলে আমি আশা করি। অনুষ্ঠানে ইউ২১ গ্লোবালের কার্যক্রম তুলে ধরেন প্রতিষ্ঠানটির ব্যবসায় ব্যবস্থাপনা প্রোগ্রামের ডিন ড. হেলেন লিঙ্গ। তিনি বলেন, বিশ্বের ৬০টি দেশের তিন হাজার শিক্ষার্থী বর্তমানে ইউ২১ গ্লোবালের শিক্ষার সাথে নিজেদের সম্পৃক্ত করেছে। বাংলাদেশে এর কার্যক্রম শুরু হওয়ায় বাংলাদেশী শিক্ষার্থীরাও ইন্টারনেটের মাধ্যমে বিদেশী বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ডিগ্রী অর্জন করতে পারবে।

ইউ টুয়েন্টি ওয়ান গ্লোবাল ইলেকট্রনিক বিশ্ববিদ্যালয়

## বাংলাদেশে কার্যক্রম শুরু করেছে

ইউ টুয়েন্টি ওয়ান বিশ্বখ্যাত ইলেকট্রনিক বিশ্ববিদ্যালয় বাংলাদেশে কারিগরি পোর্টাল এইম ইন লাইফের সাথে যৌথভাবে ই-লার্নিং কার্যক্রম চালু করেছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মহামান্য রষ্ট্রেপতি প্রফেসর ড. ইয়াজউদ্দিন আহমদ এর আনুষ্ঠানিক কার্যক্রম উদ্বোধন করেন। অনুষ্ঠানে আরো

উপস্থিত ছিলেন পররাষ্ট্র মন্ত্রণালয়ের উপদেষ্টা ড. ইফতেখার আহমেদ চৌধুরী, ইউ টুয়েন্টি ওয়ান এর প্রধান নির্বাহী কর্মকর্তা ড. মুকেশ আগি, সার্ক চেয়ার অব কমার্সের উপদেষ্টা ও সাবেক এফবিসিসিআই সভাপতি ইউসুফ আবদুল্লাহ হারুন, এইম ইন লাইফের প্রধান উপদেষ্টা সৈয়দ মারওব মোরশেদ

ও এইম ইন লাইফের প্রধান নির্বাহী কর্মকর্তা এম. শোয়েব চৌধুরী। প্রধান অতিথির বক্তব্যে রষ্ট্রেপতি বলেন, বাংলাদেশে ইউ২১ ইলেকট্রনিক বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম শুরু করার জন্য ইউ২১ গ্লোবাল ও এইম ইন লাইফকে অভিনন্দন। ইলেকট্রনিক ইউনিভার্সিটির অনলাইন শিক্ষাপদ্ধতির মাধ্যমে

ইউ টুয়েন্টি ওয়ান হলো বিশ্বের খ্যাতনামা ২০টি বিশ্ববিদ্যালয়ের এর সমন্বয়ে গঠিত ইলেকট্রনিক বিশ্ববিদ্যালয়। ইউ টুয়েন্টি ওয়ান এর প্রধান নির্বাহী কর্মকর্তা ড. মুকেশ আগি মনে করেন সারা বিশ্বে যেভাবে ইন্টারনেট এর ব্যবহার বাড়ছে, সময় ও অর্থ সাশ্রয়ে ই-লার্নিং এর বিকল্প নেই। বিশ্বমানের শিক্ষা ব্যবস্থায় বাংলাদেশে দক্ষ জনগোষ্ঠী তৈরি করতে

1st 2007

সহায়ক ভূমিকা পালন করবে ইউ টুয়েন্টি ওয়ান। এইম ইন লাইফ এর প্রধান নির্বাহী কর্মকর্তা এম. শোয়েব চৌধুরী বলেন, ইউ টুয়েন্টি ওয়ান ইলেকট্রনিক বিশ্ববিদ্যালয় বাংলাদেশে আজ প্রকাশের মাধ্যমে বাংলাদেশে নতুন দিগন্তের দ্বার উন্মোচিত হলো। বিশ্বের খ্যাতনামা বিশ্ববিদ্যালয় সমূহ থেকে ডিগ্রী অর্জনের মাধ্যমে বাংলাদেশের শিক্ষার মান এবং শিক্ষার্থীদের মননের পরিমতল ছড়িয়ে পড়বে বিশ্বজুড়ে। এ যেন বাংলাদেশীদের জন্য নতুন জাতি গড়ার দৃঢ় শপথ। এ শিক্ষার মাধ্যমে বিশ্বের আধুনিক শিক্ষা পদ্ধতির সাথে একজন ছাত্র নিজেকে সম্পৃক্ত করতে সক্ষম হবে। যে সকল বিশ্ববিদ্যালয়ের সমন্বয়ে ইউ টুয়েন্টি ওয়ান গঠিত হয়েছে তারা হলো- উত্তর আমেরিকা থেকে ম্যাকগিল ইউনিভার্সিটি, টেকসোলজি কো মনটারি, ইউনিভার্সিটি অব বুটিশ কলম্বিয়া, ইউনিভার্সিটি অব জার্সিনিয়া, ইউরোপ থেকে ; লুভ ইউনিভার্সিটি অব এডিনবরা, ইউনিভার্সিটি অব গ্রানগো, ইউনিভার্সিটি অব নটিংহাম, পর্বএশিয়া থেকে ; ফুডান ইউনিভার্সিটি, কোরিয়া ইউনিভার্সিটি, ন্যাশনাল ইউনিভার্সিটি অব সিঙ্গাপুর, সাংহাই জিও টং ইউনিভার্সিটি, ইউনিভার্সিটি অব হংকং, ওয়ামেডা ইউনিভার্সিটি, অস্ট্রেলিয়া ও নিউজিল্যান্ড থেকে ; ইউনিভার্সিটি অব অকল্যান্ড, ইউনিভার্সিটি অব মেলবোর্ন, ইউনিভার্সিটি অব নিউ সাউথ ওয়েলস, ইউনিভার্সিটি অব কুইন্সল্যান্ড।